



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- অ/১০৭/গোপাল/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ শাহজাহান মিয়া-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

সূত্র : বোর্ডের ০৫/০৩/২০১৯ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে, বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ শাহজাহান মিয়া-এর বিরুদ্ধে (১) দায়িত্ব ও কর্তব্যের প্রতি অনিয়মানুবর্তিতা; (২) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিধি বহির্ভূতভাবে ২২/০১/২০১৫ তারিখের পর থেকে কর্মস্থলে অনুপস্থিত; (৩) শিক্ষক, শিক্ষার্থীদের সঙ্গে সমন্বয় না থাকা; (৪) বিদ্যালয়ের ক্যাশবই, ভাউচার, রেজুলেশন খাতা আত্মসাৎ করা এবং (৫) বিদ্যালয়ের অর্থ আত্মসাৎ করা ইত্যাদি অভিযোগের কারণে ম্যানেজিং কমিটি চূড়ান্ত বরখাস্ত করেছে।

২। বোর্ডের ০৫/০৩/২০১৯ আপিল এন্ড আরবিট্রেশন কমিটি বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ শাহজাহান মিয়া-এর অভিযোগসমূহের বিষয়টি আলোচনান্তে ম্যানেজিং কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুমোদন করেছে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি
ধানকোড়া উচ্চ বিদ্যালয়
পোঃ- পাথরঘাটা, উপজেলা- কাশিয়ানী
জেলা- গোপালগঞ্জ।

স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

মেমো নং- ৫৫২ (৫)

তারিখ : ৩০/৬/১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী, গোপালগঞ্জ।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, গোপালগঞ্জ।
- ৬। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), ধানকোড়া উচ্চ বিদ্যালয়।
- ৭। মোঃ শাহজাহান মিয়া, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), ধানকোড়া উচ্চ বিদ্যালয়।
- ৮। অফিস কপি।

৩০/৬/১৯

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা